গাংনীতে সরকারি টেকনিক্যাল কলেজ অনুমোদন দেওয়ায় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন

৬৭ কোটি টাকা ব্যায়ে গাংনী সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অনুমোদন ও গাংনীর মানুষের দূর্ভোগ লাঘবে গাংনীর সাব- রেজিস্টার নিয়োগ দেওয়াতে মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক এর পক্ষ থেকে মেহেরপুর জেলা প্রশাসক জনাব আতাউল গণি মহাদোয় এর মাধ্যমে বাংলাদেশের সফল প্রধানমন্ত্রী, জননেত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

রবিবার সকালে জেলা প্রশাকের কার্যালয়ে জেলা প্রশাসকের মাধ্যমে ফুল দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়।

এ সময় জেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক আঃ হালিম, আওয়ামী লীগ নেতা ও শিক্ষক আঃ রকিব, জেলা ছাত্রলীগের সাবেক সহ সভাপতি সাহিদুজ্জামান শিপু উপস্থিৎ ছিলেন।

জীবননগরে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা

জীবননগরে গলাই মাপলার ঝুলিয়ে আত্মহত্যা করার অভিযোগ উঠেছে। তবে আত্মহত্যা নাকি হত্যা এ নিয়ে শুরু হয়েছে ধ্রবজাল।

গতকাল শনিবার সকালে জীবননগর পৌর শহরের লক্ষীপুর পাবনা পাড়ায় এ ঘটনা ঘটেছে। আত্মহত্যাকারী মহেশপুর উপজেলার সামন্তা গ্রামের মৃত আহম্মদ আলীর ছেলে খলিলুর রহমান (৪০)।

স্থানীয় সুত্রে জানা গেছে, পাবনা পাড়ার অঞ্জনাদের বাড়িতে সে প্রায় আসতো গত শুক্রবার রাতেও এসেছিলো হঠাৎ সকালে তার বাড়ি থেকে গলাই মাপলার জড়ানো অবস্থায় লাশ উদ্ধার করা হয়েছে।

আসলে সে আত্মহত্যা করেছে নাকি তাকে হত্যা করা হয়েছে। এটা এখন সাধারণ মানুষের মধ্যে ধ্রবজালের সৃষ্ঠি হয়েছে।

তথ্যনুসন্ধানে জানা গেছে, অঞ্জনা দীর্ঘ দিন যাবৎ বোম্বে থাকে এবং তার বিরুদ্ধে মহিলা পাচার করার ও অভিযোগ আছে। সে স্থানীয় কিছু ক্ষমতাশীন দলের নেতাকর্মীদের ছত্রছায়ায় এ সমস্থ কাজ করে থাকে।

সেই সুত্রে তার বাড়িতে বিভিন্ন এলাকা থেকে লোক জনের যাতায়াত রয়েছে। এদিকে ঘটনার পর থেকে অঞ্জনার বাড়িতে কাউকে পাওয়া যায়নি।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি তদন্ত) ফৈরদৌস ওয়াহিদ বলেন, লক্ষীপুর গলাই মাপলার ঝুলিয়ে আত্বহত্যা করেছে এ সংবাদ শুনে আমরা ঘটনা স্থানে যায় এবং লাশটি উদ্ধার করে চুয়াডাঙ্গায় ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে।

পোস্ট মর্ডামের পর আসল ঘটনা যানা যাবে। তা ছাড়া এ ঘটনার বিষয়ে এখন কেউ অভিযোগ দায়ের করেনি। অভিযোগ পেলে তদন্ত পূর্বক ব্যবস্থা নেওয়া হবে।

মেপ্র/ আরপি

কাঙাল হরিনাথ স্মৃতি জাদুঘর পরিদর্শনে একদল সাংবাদিক

বাংলা ভাষায় গ্রামীণ সাংবাদিকদের ইতিহাস লিখতে যে কয়জন সাংবাদিকের নাম আসে তাদের মধ্যে কাঙাল হরিনাথ মজুমদার অন্যতম। তার স্বপ্ন কুষ্টিয়ার কুমারখালীর কুন্ডুপাড়ার মাটিতে পোঁতা।

এতদিন রক্ষণাবেক্ষণের অভাবে অবহেলায় পড়েছিল তার স্মৃতি। তবে সেসব

ঠাকুরের স্মৃতিবিজড়িত কুঠিবাড়ী, বাউল সম্রাট ফকির লালন শাহর মাজার ও সাহিত্যিক মীর মোশারফের বাস্তুভিটার মতো এই জাদুঘরেও দর্শনার্থী আসবেন।’

শনিবার পরিদর্শনে এসেছিলেন বার্তা২৪.কমের স্টাফ করেসপন্ডেন্ট এসএম জামালসহ মেহেরপুরের সাংবাদিক মেহের আমজাদ ও স্থানীয় সাংবাদিক সহকর্মীরা। তারা বলেন, ‘সহকর্মীরা মিলে জাদুঘর দেখতে এসেছি। সাংবাদিক কাঙাল হরিনাথ সম্পর্কে অনেক কিছু জানতে পারলাম।’ ‘কাঙাল হরিনাথ গ্রামীণ সাংবাদিকতার প্রবাদপুরুষ। এই যুগেও তার মতো সাংবাদিক প্রয়োজন।’ বলেও উল্লেখ করেন তারা।

প্রসঙ্গত, অভাব অনটনের মাঝে বড় হলেও অবহেলিত সমাজের বৈষম্য তুলে ধরতে এবং তৎকালীন জমিদারের অন্যায়-অত্যাচারের বিরুদ্ধে জনসাধারণকে সচেতন করতে ১৮৬৩ সালে ‘গ্রামবার্তা প্রকাশিকা’ নামে একটি পত্রিকা প্রকাশ করেন তিনি। সেই পত্রিকায় লেখনীর মাধ্যমেই অবহেলিত মানুষের হৃদয়ে জায়গা করে নেন কাঙাল হরিনাথ মজুমদার। কাঙাল হরিনাথ একাধারে সংবাদ সংগ্রহ, সম্পাদনা এবং পত্রিকা প্রকাশ করতেন। আবার নিজেই পত্রিকা পাঠকের দ্বারপ্রান্তে পৌঁছে দিতেন।

মেপ্র/ আরপি

পেঁয়াজ চাষে ব্যাস্ত কুষ্টিয়ার কৃষকরা

পেঁয়াজকে অধিক পরিমাণে গুরুত্ব দিয়ে জমিতে যত্ম সহকারে দল বেধে পেঁয়াজের চাষ করছে কুষ্টিয়ার চাষীরা।

তবে দেশীয় পেঁয়াজ এর চেয়ে হাইব্রিড জাতের কিং পেঁয়াজ বেশী লাগানো হচ্ছে, চাষীরা বলছেন অল্প খরছে ভালো ফলন হওয়ায় এই হাইব্রিড জাতের কিং পেঁয়াজ লাগানো হচ্ছে।

অন্যদিকে পেঁয়াজের চাষ বেশী হওয়ায় পুরুষের পাশাপাশি নারীসহ ছাত্রছাত্রীরাও পেঁয়াজ লাগানোর কাজে ব্যস্ত সময় পার করেছেন।

কুষ্টিয়া শহরতলীর মোল্লাতেঘরিয়ার মাঠ সবাই দল বেধে একটি লাইনে একসাথে পেঁয়াজের জমিতে বসে পেঁয়াজের চারা রোপন করছেন। এবার পেঁয়াজের দাম মাত্রাতিরিক্ত হওয়ায় কুষ্টিয়ায় পেঁয়াজ চাষে আগ্রহ বৃদ্ধি পেয়েছে চাষীরদের। অন্য সব ফসলের পাশাপাশি পেঁয়াজ চাষের প্রতি গুরুত্ব দিচ্ছেন চাষীরা।

আব্দুল্লাহ নামের এক শিক্ষার্থী জানান, এখন স্কুল বন্ধ রয়েছে। তাই অন্যের জমিতে পেঁয়াজ লাগাতে এসেছি। তিনশত টাকা হাজিরাতে আমি পেঁয়াজ লাগাতে এসেছি। এই টাকা দিয়ে আমি বই খাতা কিনবো। আমার মতো অনেকেই এসে পেয়াজ লাগাচ্ছে।

কমলাপুর গ্রামের কৃষক আব্দুস সামাদ বলেন, গতবছর আমি ১০ কাঠা জমিতে পেঁয়াজ চাষ করেছিলাম। কিন্তু পেয়াজের দাম না পেলেও এ বছরে পেঁয়াজের অনেক দাম থাকায় এবারে ৩বিঘা জমিতে পেঁয়াজ লাগাচ্ছি। শ্রমিক ঠিকমতো না পাওয়ায় নারী শ্রমিকদের দিয়েও পেঁয়াজ লাগাচ্ছি।

কৃষক বোরহান উদ্দিন জানান, আমরা চাষী মানুষ। শুধু ধান চাষ করলেই হবে না। এবার পেঁয়াজের দাম ভালো হয়েছে। তাই এবারে একটু বেশি করে পেঁয়াজ চাষ করেছি।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ-পরিচালক কৃষিবিদ রঞ্জন কুমার প্রমানিক বলেন, কুষ্টিয়া জেলায় এবার ১১ হাজার ২৫০ হেক্টর জমিতে পেঁয়াজ আবাদ হয়। তার মধ্যে পঁচিশশো ৫০ হেক্টর জমিতে মুড়িকাটা পেঁয়াজ সেটা কর্তন হয়ে গেছে। সবমিলে ফলন হয়েছে ১১ থেকে সাড়ে ১২ টন পার হেক্টর, তাতে আমাদের বাইশ হাজার নয়শো নব্বই মেট্রিকটন উৎপাদন হয়েছে।

তবে পরবর্তীতে চারা পেঁয়াজ যেটা রোপন করা হচ্ছে এই পেঁয়াজটা মার্চ এপ্রিল দিকে উঠবে, এবং বাম্পার ফলন হবে বলে আশা করছেন কৃষি বিভাগ। বাংলাদেশের যে পাঁচটি জেলায় পিঁয়াজের বেশি উৎপাদন হয় তার মধ্যে কুষ্টিয়া একটি। আবহাওয়া ভালো থাকলে এবার কুষ্টিয়ার পেঁয়াজ দিয়ে দেশের বড় একটি চাহিদা মেটানো যাবে বলে আশা করছেন সংশ্লিষ্ঠরা।

মেপ্র/ আরপি

[redacted]

[redacted]

[redacted]

[

মুজিব বর্ষ উপলক্ষে ঝিনাইদহে কাবাডি প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত

মুজিব বর্ষ উপলক্ষে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচির ২০১৯-২০ এর আওতায় ঝিনাইদহ জেলা ক্রীড়া অফিসের আয়োজনে কাবাডি প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার দুপুরে জেলার মহেশপুর উপজেলার ঘুঘরি পান্তাপাড়া মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ খেলা অনুষ্ঠিত হয়।

এ উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। এতে ঘুঘরি পান্তাপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মুক্তিযোদ্ধা আব্দুল হক মাস্টার এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহেশপুর উপজেলা নির্বাহী অফিসার (অতিরিক্ত) সুজন সরকার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ক্রিড়াবিদ জয়নাল আবেদিন, জেলা চেম্বারস অব কমার্সের সহ-সভাপতি নাসিম উদ্দিন, উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক মীর সুলতানুজ্জামান, পান্তাপাড়া ইউপি চেয়ারম্যান মো: ইসমাইল হোসেন প্রমুখ।

পরে কাবাডি প্রতিযোগিতায় অংশ গ্রহণকারী বিজয়ী দলের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়। প্রতিযোগিতায় মহেশপুর উপজেলার ৪টি দল অংশগ্রহণ করে।

মেপ্র/ আরপি

বাফুফে’র ভুলে পন্ড হয়ে গেল

বঙ্গবন্ধু জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশীপের খেলা

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের দেওয়া ভুল ফিকশ্চারের কারণে ঝিনাইদহে পন্ড হয়ে গেছে বঙ্গবন্ধু জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশীপ’র তৃতীয় রাউন্ডের খেলা।

শনিবার বিকেলে ঝিনাইদহের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে খুলনা জেলা ফুটবল এসোসিয়েশন খোলোয়াড়রা মাঠে নামে। সময় গড়িয়ে গেলে ঝিনাইদহ জেলা ফুটবল এসোসিয়েশনের কোন খেলোয়াড় মাঠে আসেনি।

অপরদিকে খুলনা জেলা স্টেডিয়ামে বিকেল থেকে অপেক্ষা করে কোন খেলোয়াড় না থাকায় সেখান থেকে জেলায় ফিরতে হয় ঝিনাইদহ জেলা ফুটবল এসোসিয়েশনের খেলোয়াড়দের।

খুলনা দলের কাছে বাফুফের ফিকশ্চারে দেখা গেছে শনিবার ঝিনাইদহ জেলা স্টেডিয়ামে ও ঝিনাইদহ দলের কাছে দেওয়া ফিকশ্চারে খুলনা জেলা স্টেডিয়ামে খেলা অনুষ্ঠিত হবে। যে কারণে খুলনা ফুটবল এসোসিয়েশন খোলোয়াড়রা ঝিনাইদহে ও ঝিনাইদহ জেলা ফুটবল এসোসিয়েশনের খেলোয়াড়রা খুলনায় অবস্থান করে।

এ বিষয়ে ঝিনাইদহ জেলা স্টেডিয়ামে উপস্থিত বাফুফের ম্যাচ কমিশনার তৈয়বুর রহমান বাবু কোন মন্তব্য করতে রাজি হয়নি।

মেপ্র/ আরপি

ঝিনাইদহ ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজ ক্রিকেটে চ্যাম্পিয়ন

হওয়ায় সংবর্ধনা প্রদান

ঝিনাইদহ ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজ জাতীয় পর্যায়ে ক্রিকেটে চ্যাম্পিয়ন হওয়ায় সদর উপজেলা পরিষদের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।

শনিবার সকালে সদর উপজেলা অডিটরিয়ামে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত, অধ্যক্ষ জয়া রাণী চন্দ, ইউপি চেয়ারম্যান এ্যাড আব্দুল মালেক, কৃষ্ণপদ দত্ত, আশরাফুল ইসলাম, কবির হোসেন জোয়ার্দ্দার কেবি, নাসির উদ্দিন মালিথা, নাজির উদ্দিন, খুরশিদ আলম, সৈয়দ নিজামুল গণি লিটু, ইসাহাক আলী জোয়ার্দ্দার প্রমুখ।

অনুষ্ঠান পরিচালনা করেন হরিশংকরপুর ইউপি চেয়ারম্যান আব্দুল্লাহ আল মাসুম। আলোচনা সভা শেষে ৪৯ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০১৯-২০ এ ক্রিকেটে জাতীয় চ্যাম্পিয়ন হওয়ায় ২১ জন খেলোয়াড়কে নগদ অর্থ ও সম্মাননা ক্রেষ্ট প্রদান করা হয়।
পরে ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজের ক্রীড়া শিক্ষক সুরাইয়া পারভীন ও অধ্যক্ষ জয়া রাণী চন্দকে সম্মাননা ক্রেষ্ট প্রদান করা হয়।

মেপ্র/ আরপি

লোকনাথ পুর মাধ্যমিক বিদ্যালয়ে বিদায় ও বরণ

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted], [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

চেয়ারম্যান। সেই সাথে ভবিষ্যৎ মডেল মেহেরপুর গঠনের চিত্র তুলে ধরেন নেতাকর্মিদের মাঝে।
সভায় উপস্থিত ছিলেন, আওয়ামীলীগের প্রবিন নেতা রেজাউল হক, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আব্দুর রেজা, ২নং ওয়ার্ড আওয়ামীলীগের সহ সভাপতি মোস্তফা,

আওয়মীলীগ নেতা সেলিম রেজা, জেলা যুবলীগের আহবায়ক কমিটির সদস্য মিজানুর রহমান জনি, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি আরিফুর রহমান, যুবলীগ নেতা আনোয়ারসহ স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতা কর্মিরা।

মেপ্র/এমএফআর